যুগান্তর

তারিখ 02 AUG 2016
পৃষ্ঠা ২০ কলাম ৭

# উচ্চ মাধ্যমিকের ফল ১৮ আগস্ট

যুগান্তর রিপোর্ট

চলতি বছর এইচএসসি ও সমমানের পরীক্ষায় অংশ নেয়া ১২ লাখ শিক্ষার্থীর অপেক্ষার অবসান ঘটছে ১৮ আগস্ট। এদিন উচ্চ মাধ্যমিকের ফল ঘোষণা করা হবে।

সোমবার সচিবালয়ে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ সাংবাদিকদের এ তথ্য দেন। তিনি বলেন, ১৮ জুলাই উচ্চ মাধ্যমিকের ফল ঘোষণা করা হবে।

৩ এপ্রিল শুরু হয়ে ৯ জুন পর্যন্ত এইচএসসির লিখিত পরীক্ষা চলে। আর ১১ থেকে ২২ জুন পর্যন্ত হয় ব্যবহারিক পরীক্ষা।

আটটি সাধারণ বোর্ড, মাদ্রাসা এবং কারিগরি বোর্ডের অধীনে ১২ লাখ ১৮ হাজার ৬২৮ জন শিক্ষার্থী এবার এইচএসসি ও সমমানের পরীক্ষায় অংশ নেয়। রেওয়াজ অনুযায়ী, শিক্ষা বোর্ডের চেয়ারম্যানদের সঙ্গে নিয়ে শিক্ষামন্ত্রী ১৮ আগস্ট সকালে গণভবনে

■ পৃষ্ঠা ১৯ : কলাম ৪

উচ্চ মাধ্যমিকের ফল ১৮ আগস্ট

(শেষ পৃষ্ঠার পর)

প্রধানমন্ত্রীর হাতে ফলাফলের অনুলিপি তুলে দেবেন। পরে সচিবালয়ে সংবাদ সম্মেলন করে ফলাফলের বিভিন্ন দিক তুলে ধরবেন নুরুল ইসলাম নাহিদ। তার সংবাদ সম্মেলনের পরপরই পরীক্ষার্থীরা ফল জানতে পারবে।

**জেএসসি-জেডিসি পরীক্ষা শুরু ১ নভেম্বর** : আগামী পহেলা নভেম্বর থেকে শুরু হচ্ছে অষ্টম শ্রেণীর শিক্ষার্থীদের জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষা। শেষ হবে ১৭ নভেম্বর।

সোমবার সচিবালয়ে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব মো. হুমায়ুন খালিদের সভাপতিত্বে অনুষ্ঠিত পরীক্ষা সংক্রান্ত সভায় এ সিদ্ধান্ত হয়।

**জেএসসির সূচি** : আগামী ১ নভেম্বর বাংলা প্রথমপত্র, ২ নভেম্বর বাংলা দ্বিতীয়পত্র, ৩ নভেম্বর ইংরেজি প্রথমপত্র, ৬ নভেম্বর ইংরেজি দ্বিতীয়পত্র, ৭ নভেম্বর ইসলাম ও নৈতিক শিক্ষা, হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা, বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা, খ্রিস্টধর্ম ও নৈতিক শিক্ষা বিষয়ের পরীক্ষা রয়েছে।

৮ নভেম্বর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, ৯ নভেম্বর বাংলাদেশ ও বিশ্ব পরিচয়, ১০ নভেম্বর শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য, ১৩ নভেম্বর গণিত, ১৪ নভেম্বর কর্ম ও জীবনমুখী শিক্ষা, ১৫ নভেম্বর বিজ্ঞান, ১৬ নভেম্বর চারু ও কারুকলা এবং ১৭ নভেম্বর হবে কৃষি শিক্ষা, গার্হস্থ্য বিজ্ঞান, আরবি, সংস্কৃত ও পালি বিষয়ের পরীক্ষা।

**জেডিসির সূচি** : মাদ্রাসা শিক্ষার্থীদের জেডিসিতে ১ নভেম্বর কোরআন মাজিদ ও তাজবিদ, ২ নভেম্বর আকাইদ ও ফিকহ, ৩ নভেম্বর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (শুধু অনিয়মিত), ৬ নভেম্বর ইংরেজি প্রথমপত্র, ৭ নভেম্বর ইংরেজি দ্বিতীয়পত্র, ৮ নভেম্বর বাংলা প্রথমপত্র, ৯ নভেম্বর বাংলা দ্বিতীয়পত্র, ১০ নভেম্বর কর্ম ও জীবনমুখী শিক্ষা এবং শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ের পরীক্ষা রয়েছে।

এছাড়া ১২ নভেম্বর গণিত, ১৩ নভেম্বর আরবি প্রথমপত্র, ১৪ নভেম্বর আরবি দ্বিতীয়পত্র, ১৫ নভেম্বর সামাজিক বিজ্ঞান (শুধু অনিয়মিত) এবং বাংলাদেশ ও বিশ্ব পরিচয়, ১৬ নভেম্বর বিজ্ঞান এবং কৃষি, ১৭ নভেম্বর কৃষি শিক্ষা, গার্হস্থ্য অর্থনীতি (শুধু অনিয়মিত) এবং গার্হস্থ্য বিজ্ঞান বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হবে।